



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো প্রধান স্টেডিয়াম এবং এরিনায় ক্রীড়া ও বিনোদন অনুষ্ঠান 23 ফেব্রুয়ারি থেকে সীমিত দর্শকদের সাথে পুনরায় শুরু হতে পারে বলে ঘোষণা করেছেন

10,000 বা তার বেশী ধারণ ক্ষমতা সম্পন্ন এরিনা এবং স্টেডিয়ামে ইভেন্টসমূহ পুনরায় খোলার অনুমতি

বাফালো বিল পাইলট প্রোগ্রাম একটি মডেল হিসাবে ব্যবহার করে, ফেসিলিটিগুলিকে পুনরায় খোলার জন্য একই ধরনের পরিচালন নির্দেশিকা অনুসরণ করতে হবে

বারক্লেস সেন্টার ইতিমধ্যে সাক্রামেন্টো কিংসের বিরুদ্ধে ব্রুকলিন নেট হোমের 23 ফেব্রুয়ারি খেলার জন্য পুনরায় খোলার অনুমোদন পেয়েছে

এই উদ্যোগের সাফল্যগুলি ছোট ভেন্যুগুলির ভবিষ্যৎ পুনরায় খোলার বিষয়ে তথ্য দিতে সাহায্য করবে

বাফেলো বিলস পাইলট প্রোগ্রামের (Buffalo Bills pilot program) সাফল্যের উপর ভিত্তি করে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, 10,000 বা তার বেশী লোক ধারণ ক্ষমতাসম্পন্ন প্রধান স্টেডিয়াম এবং এরিনাগুলি 23 ফেব্রুয়ারি থেকে সীমিত দর্শক নিয়ে পুনরায় খোলা যাবে। সফল বাফালো বিল পাইলট প্রোগ্রামের অংশ হিসেবে প্রতিষ্ঠিত মডেল অনুসরণ করে, ভেন্যু এবং ইভেন্টগুলিকে একই রকম নির্দেশিকা মেনে চলতে হবে, যার মধ্যে আছে ভেন্যু এবং ইভেন্ট সম্পর্কে স্বাস্থ্য বিভাগের (Department of Health) অনুমোদন, ধারণ ক্ষমতার সীমাবদ্ধতা, পরীক্ষা করার প্রয়োজনীয়তা, বাধ্যতামূলক মুখের আবরণ, তাপমাত্রা পরীক্ষা, এবং বরাদ্দ করা সামাজিকভাবে দূরীকৃত আসন ব্যবস্থা।

রাজ্যব্যাপী যোগ্য ভেন্যু পরিদর্শনের জন্য স্বাস্থ্য বিভাগের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে, এবং এই কাজের ফলে বারক্লেস সেন্টারকে সাক্রামেন্টো কিংসের বিরুদ্ধে ব্রুকলিন নেটসের হোম গেমের জন্য 23 ফেব্রুয়ারি পুনরায় খোলার অনুমোদন দেওয়া হয়েছে। এর সাফল্য, এবং আগামী সপ্তাহগুলোতে অনুমোদিত ভেন্যুতে একই ধরনের ইভেন্ট, ভবিষ্যতে ছোট ভেন্যুগুলি পুনরায় খোলার প্রক্রিয়াকে অবগত করতে সাহায্য করবে।

"যখন আমরা একাধিক ক্ষেত্রে COVID এর সাথে লড়াই চালিয়ে যাচ্ছি, তখন আমাদের অবশ্যই এই অর্থনীতিকে বুদ্ধিমত্তার সাথে এবং সুসম উপায়ে পুনরায় খুলতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "লাইভ স্পোর্টস এবং বিনোদন দীর্ঘদিন ধরে নিউ ইয়র্কের মজায় বসে আছে, এবং অনুষ্ঠান আয়োজনের অক্ষমতা এই ভাইরাসের হাতে আমরা সবাই যে বিচ্ছিন্নতা অনুভব করেছি তা আরও বাড়িয়ে দিয়েছে। সৌভাগ্যক্রমে, ভক্তদের কাছে বাফালো বিলস গেমস পুনরায় খোলার জন্য আমাদের পাইলট প্রোগ্রাম ছিল এক অতুলনীয় সাফল্য এবং এখন আমরা এই মডেলটিকে রাজ্য জুড়ে অন্যান্য বৃহৎ ভেন্যুতে নিয়ে যাচ্ছি যাতে শুধু স্থানীয় অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা যায় তাই নয়, বরং মানুষের জীবনে যতটা সম্ভব নিরাপদে কিছু মজা এবং আনন্দ ফিরিয়ে আনতে সাহায্য করতেও।"

বিশেষ করে, পেশাদারী খেলাধুলার জন্য ভেন্যুগুলি পুনরায় খুলতে হলে, সাইটগুলোকে অবশ্যই এগুলি করতে হবে:

- ভেন্যু এবং ইভেন্টের জন্য স্বাস্থ্য বিভাগের (Department Of Health, DOH) এর অনুমোদন প্রাপ্ত হওয়া
- এরিনা এবং স্টেডিয়ামে 10 শতাংশ ধারণ ক্ষমতা সীমিত করা
- সকল কর্মী এবং দর্শকদের ইভেন্টের 72 ঘন্টার মধ্যে একটি নেতিবাচক COVID-19 PCR পরীক্ষা করানো নিশ্চিত করা
- যারা উপস্থিত আছেন তাদের জন্য মুখের আবরণ, সামাজিক দূরত্ব রাখা এবং তাপমাত্রা পরীক্ষা করানো বাধ্যতামূলক করা
- সামাজিকভাবে দূরীকৃত আসন বরাদ্দ করা বাধ্যতামূলক করা
- যারা উপস্থিত ছিলেন তাদের কাছ থেকে যোগাযোগের তথ্য সংগ্রহ করা যাতে যোগাযোগ ট্রেসিং প্রচেষ্টাকে অবগত করতে সাহায্য করা যায়
- বর্ধিত বাতাস পরিষ্কার, বায়ু চলাচল এবং বিশুদ্ধীকরণের মান পূরণ করা
- খুচরা, খাদ্য পরিষেবা এবং ক্রীড়া সংক্রান্ত ক্রিয়াকলাপ যেন রাজ্য দ্বারা জারি করা নির্দেশিকার অনুবর্তী হয় তা নিশ্চিত করা

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)